গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা
www.kgmc.ac.bd

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি বিজ্ঞপ্তি

চূড়ান্ত ভর্তি ফরম www.nu.ac.bd/admissions ওয়েব সাইটে পাওয়া যাবে।

০১। মেধা তালিকায় স্থান প্রাপ্তদের অনলাইন ভর্তি ফরম গ্রহণ ঃ ১৮.০৬.২০২৫ থেকে ২৯.০৬.২০২৫ পর্যন্ত।

০২। ভর্তির তারিখ (মেধা তালিকায় উত্তীর্ণ)ঃ

| বিষয়র নাম | ভর্তির তারিখ | | ভর্তির সময় |
|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান | ১৯.০৬.২০২৫ থেকে ৩০.০৬.২০২৫ | সরকারি ছুটির দিন ব্যতীত | ৯-৩০ টা থেকে ২.০০ টা পর্যন্ত |

**ভর্তির ফিস সোনালী ই-সেবা পে-স্লিপের মাধ্যমে জমা দিতে হবে**

মোবাইল এপস অথবা নির্ধারিত লিংক https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Admission?eiin=117107 এ প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত PaymentSlip সংগ্রহ করতে হবে। অনলাইন থেকে উত্তোলনকৃত এবং বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত ভর্তি ফরমের সাথে PaymentSlip এর কপি ক্যাশ কাউন্টারে জমা প্রদান করতে হবে। ভর্তি ফরম ও PaymentSlip জমা প্রদান না করলে ভর্তির কাজ সম্পন্ন হবে না এবং এর জন্য সৃষ্ট জটিলতায় কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৩। বিষয়ভিত্তিক রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত ছাত্রীদের ভর্তি পরীক্ষার রোল ব্যবহার করে ওয়েবসাইটে www.nu.ac.bd/admissions থেকে ভর্তি ফরম সগ্রহ করতে হবে। ভর্তি ফরম সংগ্রহের পর ০১ সেট ফটোকপি করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছাত্রীকে বিভাগ হতে সেমিনার ফিস বাবদ প্রয়োজনীয় টাকা পরিশোধ পূর্বক সেমিনার রশিদ গ্রহণ করতে হবে। ভর্তির আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে ভর্তির ফি কলেজ অফিসে (কাউন্টার) জমা দিয়ে ভর্তি হতে হবে।

০৪। ভর্তি ফরমের সাথে একটি ছোট খামে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (ছবির পিছনে নাম ও শ্রেণি রোল নম্বর লিখে) স্ব স্ব বিভাগ জমা দিতে হবে। এছাড়াও পরিচয়পত্রের জন্য অতিরিক্ত ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি (নাম ও রোল নম্বর লিখে) স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

০৫। ছাত্রীকে ভর্তির সময় এস. এস. সি ও এইচ. এস সি পাসের নম্বরফর্দের ফটোকপি এবং অনার্স পাসের নম্বরফর্দ, প্রশংসা পত্রের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগ ও অফিসে জমা দিতে হবে।

০৬। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি ফরম জমাদানের অংশ সঙ্গে আনতে হবে।

০৭। ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা প্রফেসনাল (যে শিক্ষাবর্ষেই হোক না কেন) বর্তমান অধ্যায়নরত অবস্থায় থাকলে তাকে মাস্টার্স ভর্তির পূর্বে অবশ্যই পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

০৮। ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের নম্বরফর্দের ফটোকপি এবং অনার্স পাসের নম্বরফর্দ, প্রশংসা পত্র এবং সেমিনার রসিদ ফটোকপি করতে হবে। আবেদন ফরমের ০১ সেট বিভাগ এবং মূল ভর্তি ফরম ০১ সেট কলেজ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফিস প্রদান করেই ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।

০৯। ফিসাদি ঃ বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি = ৪,২১৫/- টাকা মাত্র (সেমিনার ফিস বাদে)।
সেমিনার ফিসঃ = ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা মাত্র।

বিঃ দ্রঃ রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (প্রার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি ফরমে স্বাক্ষর করার জন্য বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো।

১৮.০৬.২০২৫

(প্রফেসর এ.বি.এম.ইকবাল আনোয়ার- ৭৩৯৭)
অধ্যক্ষ
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।

(প্রফেসর এ.বি.এম. ইকবাল আনোয়ার-০০৭৩৯৭)
অধ্যক্ষ
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।